গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
সাভার, ঢাকা
www.niyd.gov.bd

## সভার কার্যবিবরণী ২৪ ফেব্রুয়ারি ২০২৬

| | |
|---|---|
| সভাপতি | মোঃ মনোয়ার হোসেন<br>মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব) |
| সভার তারিখ | ১৬ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি. |
| সভার সময় | সকাল ১১.০০ ঘটিকা |
| স্থান | জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের সম্মেলন কক্ষ (৪র্থ তলা) |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' |

**সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে আলোচ্যসূচী অনুযায়ী সভার কার্যক্রম শুরু করার জন্য উপপরিচালক (প্রশাসন ও অর্থ) কে আহ্বান জানান। অতঃপর নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:**

| নং | আলোচ্য বিষয় | আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ | বিগত জানুয়ারি ২০২৬ এর মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ | কোন সংশোধনী না থাকায় বিগত জানুয়ারি ২০২৬ এর মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে নিশ্চিত করা হয়। | - |
| ২ | বিগত সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসূহের বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক আলোচনা | উপপরিচালক (প্রশাসন ও অর্থ) জানান যে, পূর্বের সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের নিমিত্ত কার্যক্রম চলমান রয়েছে।<br><br>সিদ্ধান্ত: বিগত সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে কার্যক্রম দ্রুত বাস্তবায়ন করতে হবে। | পরিচালক, উপপরিচালক (সকল) |
| ৩ | প্রশাসন শাখা সংক্রান্ত আলোচনা | বিগত সভায় হোস্টেলে অবস্থানকারী প্রশিক্ষণার্থীদের বিশুদ্ধ খাবার পানি সরবরাহের জন্য ফুড গ্রেড পানির ট্যাংক স্থাপনের নিমিত্ত সহকারী পরিচালক (অর্থ) কে সভাপতি এবং প্রভাষক বি এম আসিফ আকাশ এবং ইলেকট্রিশিয়ান কাম পাম্প অপারেটর এর সমন্বয়ে একটি কমিটি গঠন করা হয়েছিল। কিন্তু সহকারী পরিচালক (অর্থ) এর পদোন্নতিজনিত অন্যত্র পদায়নের জন্য উক্ত কমিটি কোন প্রতিবেদন দাখিল করতে পারেনি মর্মে উপপরিচালক সভাকে অবহিত করেন। এ বিষয়ে মহাপরিচালক মহোদয়ের অনুমতিক্রমে নতুন কমিটি গঠন করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>**সিদ্ধান্ত:** ফুড গ্রেড ট্যাংক স্থাপনের বিষয়ে সম্ভাব্য ব্যয় প্রাক্কলণের জন্য নির্দেশক্রমে নিম্নোক্তভাবে কমিটি গঠন করা হয় এবং গঠিত কমিটি ব্যয় প্রাক্কলনসহ একটি প্রতিবেদন আগামী ০৭ কর্মদিবসের মধ্যে মহাপরিচালক বরাবর পেশ করবেন।<br><br>ক্রমিক / নাম ও পদবি / কমিটি<br>০১ / জনাব মোঃ আলমগীর কবির, সহকারী পরিচালক (প্রশাসন) / আহ্বায়ক<br>০২ / জনাব বি, এম, আসিফ আকাশ, প্রভাষক (ফ্যাশন ডিজাইন এন্ড টেকনোলজি) / সদস্য<br>০৩ / জনাব মোঃ বাহেজ উদ্দিন, ইলেক্ট্রিশিয়ান কাম পাম্প অপারেটর / সদস্য সচিব | গঠিত কমিটি |

| | | | |
|---|---|---|---|
| ৪ | অর্থ শাখা সংক্রান্ত আলোচনা | ক) অডিটোরিয়াম ও আবাসিক ভবন ভাড়ার ক্ষেত্রে নির্দেশনাঃ সহকারী পরিচালক (প্রশাসন) সভাকে অবহিত করেন যে, ইনস্টিটিউটের অডিটোরিয়াম ও আবাসিক ভবন ভাড়া প্রদানের জন্য একটি আবেদন ফরম তৈরি করা যেতে পারে। আলোচ্য বিষয়ে উপস্থিত সভা একমত পোষণ করেন।<br><br>সিদ্ধান্ত: অডিটোরিয়াম ও আবাসিক ভবন ভাড়ার ক্ষেত্রে আবেদন খসড়া ফরম প্রস্তুতপূর্বক মহাপরিচালক সমীপে দাখিল করতে হবে।<br><br>খ) ইনস্টিটিউটের গেইটে লাইট স্থাপনঃ ইন্সট্রাক্টর (ফ্যাশন ডিজাইন এন্ড টেকনোলজি) জনাব খন্দকার ওয়াফি আহম্মেদ, সভাকে অবহিত করেন যে, ইনস্টিটিউটের প্রধান ফটকের দুই পাশে স্ট্রিট লাইট না থাকায় সন্ধ্যাকালীন সময়ে প্রশিক্ষণার্থীদের যাতায়াতে নিরাপত্তা ঝুঁকি রয়েছে।<br><br>সিদ্ধান্ত: সত্বর ইনস্টিটিউটের প্রধান ফটকের দুই পাশে লাইটের ব্যবস্থা গ্রহণ করার জন্য মহাপরিচালক মহোদয় নির্দেশ প্রদান করেন।<br><br>গ) লিফট মেরামতঃ এ পর্যায়ে প্রভাষক (ফ্যাশন ডিজাইন এন্ড টেকনোলজি) জনাব বি, এম, আসিফ আকাশ উপস্থিত সভাকে জানান যে, একাডেমিক ভবনের লিফটটি দীর্ঘদিন যাবৎ অচল অবস্থায় পড়ে থাকায় উক্ত ভবনের ৪র্থ ও ৫ম তলায় সেশন পরিচালনা করা কষ্টসাধ্য হয়ে পরেছে। এছাড়াও প্রশাসনিক কাম একাডেমিক ভবনের লিফটটিও মেরামত করা প্রয়োজন।<br><br>সিদ্ধান্ত: ইনস্টিটিউটের নামে বরাদ্দকৃত চলতি অর্থ বছরের বাজেট সাপেক্ষে পর্যায়ক্রমে লিফট দুটি সংস্কারের জন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপপরিচালক (প্রশাসন ও অর্থ) |

<table>
<tr>
<td>৫</td>
<td>প্রশিক্ষণ শাখা সংক্রান্ত আলোচনা</td>
<td>
ক) যুব কর্মশালার জন্য কমিটি গঠনঃ জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটে কর্মপরিধি ও প্রশিক্ষণ কার্যক্রমকে যুগোপোযোগী ও সাফল্যমন্ডিত করার লক্ষ্যে প্রতি অর্থবছরে ধারাবাহিকভাবে একটি যুব কর্মশালা আয়োজন করার প্রয়োজনীয়তা সম্পর্কে আলোচনা করা হয়। বিগত বছরের ন্যায় চলতি অর্থবছরে যুব কর্মশালা আয়োজন করা প্রয়োজন। এ বিষয়ে মহাপরিচালক মহোদয়ের অনুমতিক্রমে যুব কর্মশালার জন্য অভ্যন্তরীন সভা আয়োজন এবং কমিটি গঠন সংক্রান্ত আলোচনা করা হয়।
সিদ্ধান্ত: সত্বর বিগত যুব কর্মশালার নথি পর্যালোচনাপূর্বক প্রস্তুতিমূলক সভার আয়োজনের নিমিত্ত সহকারী পরিচালক (প্রশিক্ষণ) কে নির্দেশনা প্রদান করা হয়।
খ) ডাটাবেজঃ জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের ৩৪.০৬.২৬৭২.০০০.০০০.০৬.০০০৩.২৩.৬১ নং স্মারকমূলে ইনস্টিটিউটে প্রশিক্ষণরত ও প্রশিক্ষণগ্রহণকারী প্রশিক্ষণার্থীদের ডাটাবেইজ প্রস্তুতির নিমিত্ত বিভিন্ন ট্রেডভিত্তিক ০৪ টি কমিটি গঠন করা হয়। উক্ত কমিটির কাজের অগ্রগতি সম্পর্কে আলোচনা করা হয়।
সিদ্ধান্ত: গঠিত কমিটিসমূহ সত্বর ডাটাবেইজ সংক্রান্ত তথ্যাদি সংগ্রহপূর্বক উপপরিচালক (প্রশিক্ষণ ও গবেষণা) কে অবহিত করবেন।
গ) প্রকাশনা কমিটিঃ ইনস্টিটিউট থেকে প্রশিক্ষনপ্রাপ্ত প্রশিক্ষণার্থীদের কর্মসংস্থান এবং ভবিষ্যৎ পরিকল্পনা সংবলিত মাসিক সাময়িকী প্রকাশ করার জন্য মহাপরিচালক মহোদয় সদয় নির্দেশনা প্রদান করেন।
সিদ্ধান্ত: জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের মাসিক সাময়িকী প্রকাশ করার নিমিত্ত ৫ সদস্যবিশিষ্ট প্রকাশনা কমিটি নির্দেশক্রমে নিম্নোক্তভাবে গঠন করা হয়।
<table>
<tr><th>ক্রমিক</th><th>নাম ও পদবি</th><th>কমিটি</th></tr>
<tr><td>০১</td><td>জনাব সাহিদা ইয়াসমিন<br>প্রভাষক- হর্টিকালচার</td><td>আহ্বায়ক</td></tr>
<tr><td>০২</td><td>জনাব শারমিন আক্তার<br>সহকারী পরিচালক (প্রশাসন)</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৩</td><td>জনাব সুলতান মাহমুদ<br>প্রভাষক (আইসিটি)</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৪</td><td>জনাব মোঃ আলমগীর কবির<br>সহকারী পরিচালক (প্রশাসন)</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৫</td><td>জনাব মোঃ ইমরান হুসাইন<br>ইন্সট্রাক্টর (আইসিটি)</td><td>সদস্য সচিব</td></tr>
</table>
গঠিত কমিটির সার্বিক সহযোগিতা প্রদান করবেন জনাব অভিজিত কুমার মজুমদার (ব্যক্তিগত সহকারী) এবং জনাব মোসাঃ আকলিমা খাতুন (কম্পিউটার অপারেটর।
ঘ) বিটিসিএল ইন্টারনেট সংযোগঃ ইনস্টিটিউটে বিটিসিএল এর ইন্টারনেট সংযোগের ক্ষেত্রে ধীরগতি থাকায় সেশন চলাকালীন প্রতিবন্ধকতা সৃষ্টি হয় মর্মে সভাকে উপস্থিত বিভিন্ন কোর্সের সমন্বয়কগণ উল্লেখ করেন।
সিদ্ধান্ত: পর্যায়ক্রমে বিটিসিএল ইন্টারনেট সংযোগ বন্ধ করা যেতে পারে।
</td>
<td>সহকারী পরিচালক (প্রশিক্ষণ) ও গঠিত কমিটি</td>
</tr>
</table>

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৫-০২-২০২৬
মোঃ মনোয়ার হোসেন
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
ফোন : ০২২২৪৪২৬০৩০
ইমেইল : dg@niyd.gov.bd

১২ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
তারিখ: ২৫ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

**নম্বর:** ৩৪.০৬.২৬৭২.০০০.০০০.০৬.০০০১.২৩.৮

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, সচিবের দপ্তর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
২। পরিচালক, পরিচালক, জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট।
৩। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
৪। উপপরিচালক (সকল), জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট।।
৫। সহকারী পরিচালক (সকল)/প্রভাষক (সকল), জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট।।
৬। ইন্সট্রাক্টর (সকল), জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট। এবং
৭। ব্যক্তিগত সহকারী, মহাপরিচালক, জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট।



২৫-০২-২০২৬
মোঃ মনোয়ার হোসেন
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)